# মোছাঃ স্বর্না আক্তারের পরিবেশ উন্নয়নের অঙ্গিকার বাস্তবে দৃশ্যমান।

পদ্মা যোশলদিয়া পানি শোধনাগার এলাকায় ছোট্ট একটি গ্রাম আদর্শ পাড়া, এই গ্রামটি লৌহজং উপজেলার মেদিনীমন্ডল ইউনিয়নের অর্ন্তগর্ত। এই গ্রামে প্রায় সব শ্রেণী পেশার মানুষের বসবাস, মোছাঃ স্বর্ণা আক্তার পেশায় একজন সফল উদ্যোক্তা। বিগত দশ বছর পূর্ব থেকে গরু লালন পালন করেন। তার খামারে বর্তমানে ছোট বড় মিলে চারটি গরু বিদ্যমান। ২০২০ সালে এসডিএস (শরীয়তপুর ডেভলপমেন্ট সোসাইটি) কর্তৃক বাস্তবায়িত এসইপি প্রকল্পের অগ্রসর দলের সদস্য পদ গ্রহণ করে ৮০ হাজার টাকা ঋণ গ্রহণ করেন। ঋণ গ্রহনের পূর্বে তার খামারের পরিবেশগত বেজলাইন সার্ভে হয়। বেজলাইনের প্রতিবেদন অনুযায়ী তার খামারের সার্বিক পরিবেশ উন্নয়নে সুনিদৃষ্ট দিকনির্দেশনা প্রদান করা হয় এবং মোছাঃ স্বর্ণা আক্তারে অঙ্গিকার গ্রহণ করা হয়।



গো-বর্জ্য সংরক্ষনাগার

অঙ্গিকার অনুযায়ী মোছাঃ স্বর্ণা আক্তার তার খামারের পরিবেশ উন্নয়নে উল্লেখযোগ্য পদক্ষেপ গ্রহণ করেন। প্রথমে তার জরাজীর্ণ খামারকে পূণরায় সংস্করণের উদ্যোগ গ্রহণ করেন। সংস্করণের পর গো-বর্জ্য সংরক্ষণের পদক্ষেপ হিসাবে নিজ উদ্যোগে গো-মূত্র একটি নির্দিষ্ট স্থানে সংরক্ষণের করে পরিকল্পনা করেন। তাই তিনি এসইপি প্রকল্পের কর্মকর্তাদের পরামর্শ ও দিক নির্দেশনায় খামারের কাছাকাছি স্থানে গো-মূত্র সংরক্ষণাগার প্লান্ট তৈরী করেন। খামারের ড্রেনের সাথে দুইটা পাইপ স্থাপন করেন, প্রথম পাইপ দিয়ে গো-মূত্র সংরক্ষণাগার প্লান্টে জমা হবে এবং দ্বিতিয় পাইপ দিয়ে খামার পরিস্কার ও গরুর গোসলের পানি একটি নির্দিষ্ট গর্তে জমা হয়। খামার পরিস্কার ও গরুর গোসলের সময় প্রথম পাইপের মুখ বন্ধ থাকে। কামার পরিস্কার ও গরু গোসল হয়ে গেলে দ্বিতীয় পাইপের মুখ বন্ধ করে প্রথম পাইপের মুখ খুলে দেওয়া হয় বলে জানান হামিদা বেগম। তিনি আরো বলেন, এই প্লান্ট তৈরীরর ফলে তার খামার ও বাড়িতে আগের মত দুর্গন্ধ ছড়াই না।

এছাড়া তিনি গোবর ব্যবস্থাপনা বিষয়ে বলেন, তার বাড়ির পাশেই এসইপি প্রকল্পের উদ্যোগের গো-বর্জ্য সংরক্ষণাগার নির্মান করা হয়েছে এবং সেখানে ট্রলির ব্যবস্থাও রয়েছে, সেই ট্রলির সাহায্যে গোবর গুলো সংরক্ষণাগারে জমা করে আসেন। সেখান থেকে বরবর্তী সময়ে গোবর গুলো ভার্মি কম্পোষ্ট ও লাকড়ীর জন্য বিক্রয় করে থাকেন যার ফলে গোবর আয়ের উৎস হয়েছে বলে জানান তিনি।



গো-মূত্র সংরক্ষণাগার প্লান্ট



গো-মূত্র সংরক্ষণাগার প্লান্ট নির্মান কার্যক্রম